

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহানগর দায়রা জজ-এর কার্যালয়
রাজশাহী।



www.metrorajshahi.judiciary.gov.bd

আদেশ নং- ৪৪

তারিখঃ ০১/১০/২০২৬খ্রিঃ

রাজশাহী মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটসীর শূন্য পদে নিয়োগের নিমিত্ত 'জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসী ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটসীর আদালতসমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮' এর ০৬/১০/২০২৫ খ্রিঃ তারিখের সংশোধনী অনুযায়ী বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক গঠিত অধস্তন আদালতসমূহের সরাসরি নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি গত ২২/০৯/২০২৬ খ্রিঃ তারিখে ১০.০৩.০০০০.০০০.০০১.১১(খ).০০০৯.২৫.২১৮(১৬) নং স্মারকে নিম্নবর্ণিত ০২(দুই) জন প্রার্থীগণকে সরাসরি নিয়োগের সুপারিশ করিবার প্রেক্ষিতে তাহাদেরকে 'স্টেনোগ্রাফার' পদে জাতীয় বেতন স্কেল, ২০২৬ এর গ্রেড ১৩, স্কেলঃ টাকাঃ ২৪,০০০-৫৮,০০০/- বেতনক্রমে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হইলঃ

ক্রমিক নং	রোল নম্বর	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
০১	১৮০০০৫৭৯	নামঃ মোঃ রফিকুল ইসলাম পিতাঃ আব্দুল কাদির মাতাঃ রেহেনা বেগম জাতীয় পরিচয়পত্রের নম্বরঃ ৬৮৫৬৮৯৭৬৩৯	গ্রামঃ চর চারিপাড়া ডাকঘরঃ গৌরীপুর-৩৫১৭ উপজেলাঃ দাউদকান্দি জেলাঃ কুমিল্লা	গ্রামঃ চর চারিপাড়া ডাকঘরঃ গৌরীপুর-৩৫১৭ উপজেলাঃ দাউদকান্দি জেলাঃ কুমিল্লা
০২	১৮০০০১২১	নামঃ মোঃ সাইফুল ইসলাম পিতাঃ মোঃ জালাল মোল্লা মাতাঃ মোছাঃ জমেলা খাতুন জাতীয় পরিচয়পত্রের নম্বরঃ ৪৬৫৪৫৬৮৮২৫	গ্রামঃ গোপালপুর ডাকঘরঃ নাজিরগঞ্জ-৬৬৬১ থানাঃ সুজানগর জেলাঃ পাবনা	গ্রামঃ গোপালপুর ডাকঘরঃ নাজিরগঞ্জ-৬৬৬১ থানাঃ সুজানগর জেলাঃ পাবনা

শর্তাবলী:

- ১। প্রার্থীকে আগামী ১৫/১০/২০২৬খ্রিঃ তারিখের মধ্যে চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, রাজশাহীর নিকট যোগদান করিতে হইবে। যোগদানের তারিখ হইতে এই নিয়োগ কার্যকর হইবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করিতে ব্যর্থ হইলে এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;
- ২। চাকরিতে যোগদানের সময় ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, লিখিত পরীক্ষার প্রবেশপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ সনদপত্রের সত্যায়িত ০১(এক) কপি জমা প্রদান করিতে হইবে;
- ৩। প্রার্থীকে যোগদানের সময় নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য সনদ এবং ডোপ টেস্ট রিপোর্ট দাখিল করিতে হইবে। স্বাস্থ্য পরীক্ষা/ডোপ টেস্ট এর রিপোর্টে কোনো বিরূপ মন্তব্য থাকিলে এবং তাহা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করিতে পারে বলিয়া প্রমাণিত বা প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ এই নিয়োগ বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন;
- ৪। শিক্ষানবিশ কর্মচারীর পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হইলে নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে; এই নিয়োগপত্রের সহিত সংযুক্ত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করিয়া যোগদানের সময় দাখিল করিতে হইবে;
- ৫। চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোন সনদপত্র/তথ্যাদি অসত্য প্রমাণিত হইলে কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে চাকরির অবসান ঘটাইতে পারিবেন। কোটায় নিয়োগ প্রাপ্তদের কোটার স্বপক্ষে দাখিলকৃত কাগজপত্র যাচাই অন্তে সঠিক প্রমাণিত না হইলে তাহার নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে;

২৭

- ৬। সংশ্লিষ্ট প্রার্থীর শিক্ষানবিশকাল ও চাকরি স্থায়ীকরণের জন্য প্রযোজ্য ক্ষেত্রে 'জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসী ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটসীর আদালতসমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮' এর শিক্ষানবিশ সংক্রান্ত সংশ্লিষ্ট বিধি অনুসরণ করা হইবে;
- ৭। চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সহিত ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে, তিনি নিজের বা পরিবারের সদস্যদের জন্য যৌতুক নিবেন না বা দিবেন না;
- ৮। চাকরিতে প্রার্থীর ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হইতে অব্যাহতিপত্র সংগ্রহ করিয়া যোগদানপত্র দাখিল করিতে হইবে;
- ৯। সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৩(১) বিধি অনুযায়ী সুপারিশপ্রাপ্ত প্রার্থীকে চাকরিতে যোগদান করিবার সময় নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাহার বা তাহার পরিবারের সদস্যদের (স্বামী/স্ত্রী) মালিকানাধীন স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরম (কমিশন ওয়েবসাইটে প্রদর্শিত) পূরণ করিয়া জমা দিতে হইবে;
- ১০। চাকরি হইতে অব্যাহতি বা ইস্তফা দিলে কমপক্ষে ১(এক) মাস পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। অন্যথায় এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হইবে।
- ১১। নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই এইরূপ যে কোন বিষয় প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত এবং সময় সময় জারীকৃত বিধিবিধান দ্বারা নিয়ন্ত্রিত হইবে।
- ১২। চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হইবেন না।

স্বাক্ষরিত/-
(মোহাঃ ইমদাদুল হক)
মহানগর দায়রা জজ
রাজশাহী।

সার্ভিস আইডি-২০০৬২০১০১৩
ই-মেইল: msj.rajshahi@bdcourts.gov.bd

স্মারক নং- ২৩৪(১০)

তারিখঃ ০১/১০/২০২৬খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ✓ ১। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, ঢাকা।
- ২। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, রাজশাহী।
- ৩। সিভিল সার্জন, পাবনা/কুমিল্লা।
- ৪। পুলিশ সুপার, পাবনা/কুমিল্লা।
- ৫। ভারপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট, হিসাব বিভাগ, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী।
- ৭। জনাব মোঃ রফিকুল ইসলাম, পিতাঃ আব্দুল কাদির, মাতাঃ রেহেনা বেগম, গ্রামঃ চর চারিপাড়া, ডাকঘরঃ গৌরীপুর-৩৫১৭ উপজেলাঃ দাউদকান্দি, জেলাঃ কুমিল্লা।
- ৮। জনাব মোঃ সাইফুল ইসলাম, পিতাঃ মোঃ জালাল মোল্লা, মাতাঃ মোছাঃ জমেলা খাতুন, গ্রামঃ গোপালপুর, ডাকঘরঃ নাজিরগঞ্জ-৬৬৬১, থানাঃ সুজানগর, জেলাঃ পাবনা।
- ৯। অফিস কপি।


০১/১০/২০২৬
(মোহাঃ ইমদাদুল হক)

মহানগর দায়রা জজ
রাজশাহী।

ফোনঃ ০২৫৮৮৮৫০৩৭০